যুগান্তর

তারিখ · 06 · JAN · 2016
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 6

বর্ষবরণে যৌন নিপীড়ন

# ডিএমপির প্রতিবেদন ছাত্র ইউনিয়নের প্রত্যাখ্যান

**যুগান্তর রিপোর্ট**

বর্ষবরণে যৌন নিপীড়নের ঘটনায় ডিএমপির তদন্ত কমিটির প্রতিবেদন প্রত্যাখ্যান করেছে বাংলাদেশ ছাত্র ইউনিয়ন। একই সঙ্গে জড়িতদের খুঁজে বের করে শাস্তির দাবি জানিয়েছে তারা। মঙ্গলবার বিকালে শাহবাগে এক বিক্ষোভ সমাবেশে এ দাবি জানায় সংগঠনটি।

ছাত্র ইউনিয়নের সভাপতি লাকী আক্তারের সভাপতিত্বে জাতীয় জাদুঘরের সামনে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন অধ্যাপক গীতিআরা নাসরিন, সংগঠনের নেতা সুমন সেনগুপ্ত, লিটন নন্দী, তুষার ব্যাপারী, জিএম রাব্বি, আল আমিন বাদল, মশিউর সজীব ও জিএম জিলানী শুভ। লিটন নন্দী বলেন, জড়িতদের শনাক্ত করা নিয়ে চলছে প্রশাসনের অনীহা এবং অপারগতা। পুলিশের এহেন স্বেচ্ছাপ্রণোদিত অপারগতার মধ্য দিয়ে প্রমাণ হয়ে যায়, নারী নির্যাতনের বিষয়ে রাষ্ট্রের দৃষ্টিভঙ্গি কেমন। লাকী আক্তার বলেন, পুলিশ শুরু থেকেই ঘটনাটি আড়াল করতে চেয়েছিল। কেউ গ্রেফতার না হওয়ার মধ্য দিয়ে সেটাই প্রমাণিত হয়।